



# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী  
ঋণ ও অগ্রিম বিভাগ-১

ফোন : ০২৪৭-৮৬০৫১৫  
ই-মেইল : [dgmlad1@rakub.org.bd](mailto:dgmlad1@rakub.org.bd)  
ওয়েব সাইট : [www.rakub.org.bd](http://www.rakub.org.bd)

“২০১৮-২০১৯ অর্থবছরের প্রয়াস  
শ্রেণীকৃত ঋণ করব.হ্রাস”

ঋণওঅবি-১ সার্কুলার লেটার নং-০৫/২০১৮

তারিখ : ১৬.০৯.২০১৮

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর  
সকল জোনাল ব্যবস্থাপক,  
উপমহাব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা  
ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়  
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয় : প্রধান কার্যালয়ের ক্রেডিট কমিটি পুনর্গঠন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। গত ২৮.০৯.২০১৬ তারিখে প্রধান কার্যালয়ের ক্রেডিট কমিটি পুনর্গঠন করে ঋণ ও অগ্রিম বিভাগ-১ থেকে ঋণওঅবি-১ সার্কুলার লেটার নং-০৩/২০১৬ জারী করা হয়।

০৩। ১০.০৯.২০১৮ তারিখে অনুষ্ঠিত প্রধান কার্যালয়ের ক্রেডিট কমিটির ২২৬তম সভায় ব্যাংকের পরিচালন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উক্ত ক্রেডিট কমিটির সদস্য হিসেবে ঋণ আদায় বিভাগ-১ এর উপ-মহাব্যবস্থাপককে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয় যা ব্যাংক ব্যবস্থাপনা অনুমোদন করেন। এমতপ্রেক্ষিতে প্রধান কার্যালয়ের ক্রেডিট কমিটির কাঠামো নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো :

উপ-ব্যবস্থাপনা পরিচালক	:	সভাপতি
সকল মহাব্যবস্থাপক, প্রধান কার্যালয়	:	সদস্য
মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, রাজশাহী	:	সদস্য
উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ-১	:	সদস্য
উপ-মহাব্যবস্থাপক, ঋণ আদায় বিভাগ-১	:	সদস্য
উপ-মহাব্যবস্থাপক, ঋণ ও অগ্রিম বিভাগ-১	:	সদস্য-সচিব।

উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুপস্থিতিতে অথবা উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ব্যবস্থাপনা পরিচালকের দায়িত্বে থাকলে প্রধান কার্যালয়ে কর্মরত জ্যেষ্ঠতম মহাব্যবস্থাপক ক্রেডিট কমিটির সভাপতির দায়িত্ব পালন করবেন। এছাড়া আলোচ্য কমিটির সভায় ঋণ ও অগ্রিম বিভাগ-১, কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এবং ঋণ আদায় বিভাগ-১ ব্যতিত অন্য কোন বিভাগের বিষয়বস্তু উপস্থাপিত হলে সংশ্লিষ্ট বিভাগের উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান ক্রেডিট কমিটির উক্ত সভায় সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হবেন।

০৪। ইহা অবিলম্বে কার্যকর হবে।

১৬.০৯.২০১৮

(জগন্নাথ ঘোষ)

উপ-মহাব্যবস্থাপক

নং- প্রকা/ঋণওঅবি-১/৪৪/২০১৮-২০১৯/১৮৪(৪৪৭)

তারিখ : ১৬.০৯.২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৫। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ৬। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
- ৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৮। সহকারী মহাব্যবস্থাপক, ঋণ ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৯। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১০। অফিস নথি/ মহানথি।

১৬.০৯.২০১৮

(মোঃ ছলিম উদ্দীন)

উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা